

প্রেস রিলিজ

তারিখ: ০৪ জুলাই ২০২৬

বাউবির স্নাতক (সম্মান) ও এলএলবি (সম্মান) পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করলেন প্রো-উপাচার্য (শিক্ষা)

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল পরিচালিত স্নাতক (সম্মান) এবং স্কুল অব 'ল' পরিচালিত এলএলবি (সম্মান) প্রোগ্রামের চলমান পরীক্ষার ঢাকা আঞ্চলিক কেন্দ্রে অনুষ্ঠিত পরীক্ষা কেন্দ্র আজ ০৪ জুন ২০২৬ তারিখ সকালে পরিদর্শন করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. আনিসুর রহমান। বিশেষ পরিদর্শক হিসেবে পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে তিনি পরীক্ষার সার্বিক পরিবেশ, শৃঙ্খলা, স্বচ্ছতা এবং ব্যবস্থাপনা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন। এ সময় তিনি সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা পরিচালনায় সন্তোষ প্রকাশ করেন এবং পরীক্ষা আয়োজনের সঙ্গে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীদের আন্তরিক প্রচেষ্টা ও দায়িত্বশীল ভূমিকার জন্য ধন্যবাদ জানান। পাশাপাশি ভবিষ্যতেও একই মান বজায় রেখে সকল পরীক্ষা পরিচালনার আহ্বান জানান।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক তানভীর আহসান, স্কুল অব 'ল' এর ডিন অধ্যাপক ড. নাহিদ ফেরদৌসী এবং বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মোঃ হবিবুল্যাহ মাহামুদ।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)